



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়

৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ডিপার্টমেন্ট-১

নং বিকেবি/এইচআরএমডি-১/৯(৩)/২০১৮-১৯/২৭৩১

তারিখ : ০৪.১১.২০১৮ খ্রিঃ

বাংলাদেশ কৃষি ব্যাংকে ড্রাইভার এর শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের উদ্দেশ্যে প্রার্থীদের লিখিত পরীক্ষা গ্রহণের সময়সূচি ও পরীক্ষা কেন্দ্র সংক্রান্ত বিজ্ঞপ্তি

বাংলাদেশ কৃষি ব্যাংকে ড্রাইভার এর শূন্য পদে সরাসরি জনবল নিয়োগের লক্ষ্যে ইতোপূর্বে অনলাইনে আবেদন এবং পরবর্তীতে সংশ্লিষ্ট ওয়েবসাইট (<http://bdjobs.com/krishibank>) হতে প্রবেশপত্র ডাউনলোডকৃত প্রার্থীদের ০১(এক) ঘন্টা ব্যাপী লিখিত পরীক্ষা আগামী ১৭.১১.২০১৮ তারিখ রোজ শনিবার সকাল ৯.৩০ টা থেকে ১০.৩০ টা পর্যন্ত শেরেবাংলা নগর সরকারী বালক উচ্চ বিদ্যালয়, আগারগাঁও, ঢাকায় অনুষ্ঠিত হবে।

পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশনাবলীঃ

- * লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইতোপূর্বে অনলাইনে আবেদনকৃত প্রার্থীগণ <http://bdjobs.com/krishibank>-ওয়েবসাইট হতে প্রবেশপত্র আগামী ১৬.১১.২০১৮ তারিখ পর্যন্ত ডাউনলোড করতে পারবেন;
- * প্রবেশপত্র ব্যতিরেকে কোনো প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে দেয়া হবে না;
- * পরীক্ষার্থীদেরকে পরীক্ষার হলে মোবাইল ফোন, ক্যালকুলেটর, স্মার্টওয়াচ ও অন্য যে কোন প্রকার ইলেকট্রনিক ডিভাইস নিয়ে প্রবেশ করতে দেয়া হবে না;
- * পরীক্ষা কেন্দ্রে চেকিং কার্যক্রম সম্পন্ন করার জন্য পরীক্ষা শুরু কমপক্ষে ৩০ (ত্রিশ) মিনিট পূর্বে পরীক্ষার্থীদেরকে পরীক্ষা কেন্দ্রে উপস্থিত হতে হবে;
- * লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ফলাফল বাংলাদেশ কৃষি ব্যাংকের ওয়েবসাইট (www.krishibank.org.bd) এবং <http://bdjobs.com/krishibank>-এ প্রকাশ করা হবে;
- * শুধুমাত্র লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মোটর ড্রাইভিং টেস্ট এবং মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন ;
- * লিখিত পরীক্ষার জন্য আলাদাভাবে কোন প্রবেশপত্র ইস্যু করা হবে না, ইতোপূর্বে ডাউনলোডকৃত প্রবেশপত্র-ই সঙ্গে আনতে হবে এবং
- * ০১ ঘন্টা ব্যাপী লিখিত পরীক্ষা নিম্নলিখিত বিষয়ে অনুষ্ঠিত হবে :
(ক) সাধারণ জ্ঞান (খ) বাংলা (গ) ইংরেজী (ঘ) গণিত এবং (ঙ) ট্রাফিক ও মোটরযান সংক্রান্ত বিষয়।

স্বাক্ষরিত/

(এম. এ. রউফ ভূঁইয়া)
উপ-মহাব্যবস্থাপক
ফোন : ৯৫৫৩৬৩৭